# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আল্লাহর জন্য পরস্পরকে ভালবাসা ব্যক্তিদের জন্য আল্লাহর ভালবাসা

## ذِكْرُ إِثْبَاتِ مَحَبَّةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِلْمُتَحَابِّينَ فيه

আরবী

أَخْبَرَنَا الْهَيْثَمُ بْنُ خَلَفٍ الدُّورِيُّ ـ بِبَغْدَادَ ـ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَبِي رَافِعٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنَّ رَجُلًا زَارَ أَخًا لَهُ فِي قَرْيَةٍ أُخْرَى قَالَ: فَأَرْصَدَ اللَّهُ عَلَى مَدْرَجَتِهِ مَلَكًا فَلَمَّا أَتَى عَلَيْهِ قَالَ: أَيْنَ تُرِيدُ؟ قَالَ: أُرِيدُ أَخًا لِي فِي هَذِهِ الْقَرْيَةِ فقَالَ لَهُ: هَلْ لَهُ عَلَيْكَ مِنْ نِعْمَةٍ تَرُبُّهَا؟ قَالَ: لَا غَيْرَ أَنِّي أُحِبُّهُ فِي اللَّهِ قَالَ: فَإِنِّي رَسُولُ اللَّهِ إِلَيْكَ إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا قَدْ أَحَبَّكَ كما أحببته فيه.)

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 571 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৭১. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন: “এক ব্যক্তি তার এক ভাইকে অন্য শহরে দেখতে যায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আল্লাহ সেই ব্যক্তির রাস্তায় একজন ফেরেস্তাকে তার প্রতিক্ষায় নিযুক্ত করেন। যখন সেই ব্যক্তি ফেরেস্তার কাছে আসেন, তখন ফেরেস্তা তাকে বলেন: “আপনি কোথায় যাচ্ছেন?” তিনি জবাবে বলেন: “এই শহরে আমার একজন ভাই আছেন, আমি তার কাছে যাচ্ছি।” ফেরেস্তা বলেন: “আপনার উপর তার কোন অনুগ্রহ আছে কি যার প্রতিবদলা দেওয়ার জন্য আপনি যাচ্ছেন?” তিনি বলেন: “জ্বী, না। আমি তাকে আল্লাহর জন্য ভালবাসি।” তখন ফেরেস্তা বলেন: “আমি আল্লাহর পক্ষ থেকে প্রেরিত হয়েছি এই বার্তা দেওয়ার জন্য যে, নিশ্চয়ই আল্লাহ আপনাকে ভালবাসেন, যেভাবে আপনি তাঁর জন্য ঐ ব্যক্তিকে ভালবাসেন।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৫৬৭; মুসনাদ আহমাদ: ২/২৯২; আদাবুল মুফরাদ: ৩৫০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৬৫।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১০৪৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89038

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন